
দৈনিক বাংলা

তারিখ ... 9।10।74 ... ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 5 ...

129



# ওয়াশিংটনে ফিরোজা বেগম

বিশিষ্ট নজরুল গীতি শিল্পী ফিরোজা বেগম সম্প্রতি উত্তর আমেরিকা সফর করেন। মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডার বিভিন্ন শহরে শিল্পী সঙ্গীত পরিবেশন করেন।

যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন নগরীতে বাংলাদেশ এসোসিয়েশন অব আমেরিকা ফিরোজা বেগমের একটি একক অনুষ্ঠানের আয়োজন করেন। যুক্তরাষ্ট্র সরকারের বাণিজ্য দফতর মিলনায়তনে অনুষ্ঠিত তিন ঘন্টাব্যাপী এ সঙ্গীতানুষ্ঠানে শিল্পী নজরুল গীতি, গজল, গীত, আধুনিক ও দেশাত্মবোধক গান এবং সিলেট অঞ্চলের একটি পল্লীগীতি পরিবেশন করেন।

প্রবাসী বাংলাদেশী, ভারতীয় ও পাকিস্তানী এবং বহুসংখ্যক মার্কিন-শ্রোতা এই অনন্য অনুষ্ঠানটি উপভোগ করেন। অনুষ্ঠানের শুরুতে শিল্পীকে স্বাগত জানিয়ে বক্তৃতা করেন বাংলাদেশ এসোসিয়েশনের সভাপতি ইকবাল বাহার চৌধুরী।